আবার কিন্তু এসো ভাই

বরেণ গঙ্গোপাধ্যায়

বলব কি ভাই মজার কথা, পরশু রাতে একটা চোর
ঢুকল এসে ঘরের ভেতর, থাকল সেথায় রাত্রিভোর।
ডাকল আমার ঘুম ভাঙিয়ে, বলল এই যে, টাকা কই?
চাব্বির তোড়া এগিয়ে দিয়ে বলনু তাকে, ওই যে ওই।
চোর মহাশয় বেজায় রসিক, হাসল খানিক, তারপরে
বলল হেঁকে, সোনাদানা সব কিছু আন ব্যাগ ভ'রে।
অগত্যা কী করি আমি চোরের আজ্ঞা মেনে নেই
চোরের যত গোপন কথা অল্পে অল্পে জেনে নেই।
তারপরে ভাই চোরকে বলি, এলেই যখন রাত করে,
ডাকলে আবার ঘুমের ভেতর অমনভাবে হাত ধ'রে,
তখন একটু ঘুমিয়ে নাও না, ব্যস্ত কেন হও মিছে!
কাল সকালে কুলি ডেকে সব নিয়ে যাও, কী আছে!
চোরবাবাজী শুনল কথা, বলল বেশ তো ঘুমাই, সর
তোর বাড়িতে এলাম যখন, তুই তো আমার নোস রে পর।
কিন্তু একটা কথা বলি, পুলিশ এলে খবর দিস,
ওদের জ্বালায় জীবনটা মোর বিষ হয়ে যায় অহর্নিশ।
এই না বলে ঘ্যাঁকর ঘ্যাঁকর নাক ডাকিয়ে ঘুমায় চোর,
আমি বসে পাহারা দিই ঘরের মাঝে রাত্রিভোর।
সকালবেলা লজ্জা পেয়ে চোরটা বলে, এবার যাই!
আমি বললাম, গরিবখানায় আবার কিন্তু এসো ভাই।